সংবাদ

17. JAN. 2017
পৃঃ ৫ কঃ ৭

# ঈশ্বরগঞ্জে 'প্রচারপত্র' নিয়ে তোলপাড়

প্রতিনিধি, ঈশ্বরগঞ্জ (ময়মনসিংহ)

ময়মনসিংহের ঈশ্বরগঞ্জ বালিকা বিদ্যালয় ও মহিলা কলেজে অজ্ঞাতনামা বোরকা পরা রহস্যজনক ভাবে দুই নারী প্রবেশ করে দ্রুত শিক্ষার্থীদের বই-ব্যাগে 'প্রচারপত্র' রেখে যাওয়ায় শিক্ষক শিক্ষার্থীদের মাঝে ব্যাপক তোলপাড় শুরু হয়। বিষয়টি কলেজের অধ্য মহির উদ্দিন তালুকদার গত রোববার ঈশ্বরগঞ্জ থানায় একটি সাধারণ জিডি করেছেন। পুলিশ এ ঘটনার প্রকৃত রহস্য উৎঘাটনে তোর জোড় চালাচ্ছে।

ঈশ্বরগঞ্জ পৌর সদর বালিকা বিদ্যালয় ও মহিলা কলেজে 'প্রচারপত্র' রেখে গেছে দুই নারী। এমন খবরে সেখানে গিয়ে সিসি টিভির ফুটেজে দেখা গেছে, শনিবার বেলা ১১টা ৫৩ মিনিটে কলেজের প্রধান ফটক দিয়ে বোরকা পড়া দুই নারী ভেতরে প্রবেশ করছে। ওই সময় কলেজ মাঠে বার্ষিকক্রীড়া প্রতিয়োগিতা উপলক্ষে শিক্ষার্থীদের প্রস্তুতি চলছিলো। ওই সুযোগে দুই নারী নবম শ্রেণির কক্ষে প্রবেশ করে। তিন-চারজন শিক্ষার্থীরা ভেতরে থেকে এক শিক্ষার্থী অন্য এক জনের খাতা থেকে কিছু লিখছিলো। এ সময় দুই নারী সাদা খাম ধরিয়ে দেয় শিক্ষার্থীদের। দুই নারী দ্রুত ক্লাসে থাকা অন্য শিক্ষার্থীদের বই ও ব্যাগের নিচে খাম রেখে যায়। সেখানে উপস্থিত ছাত্রীরা জানিয়েছে, দ্রুত তাদের কক্ষে বোরকা পরিহিতা অপরিচিত দুই নারী প্রবেশ করে চিঠি দিয়ে চলে যায়। সবার বই ও ব্যাগের নিচে রেখা যায়। পরে তারা সেটি খুলে ইসলাম সম্পর্কে কথাবার্তা লেখা রয়েছে দেখে 'জঙ্গি' হাতে পারে এই ভেবে শিক্ষকদের জানায়। বেলা ১১টা ৫৩ মিনিটে প্রবেশ করে ১১ টা ৫৮ মিনিটে 'প্রচারপত্র' বিলি শেষ করে দুই নারী কলেজ থেকে বেরিয়ে যায়। 'প্রচারপত্র' গুলোর মধ্যে 'সিরাতুন্নবী (স.) এর ডাক ও শিক্ষা সাময়িকী পাঠক ফোরামের পক্ষ থেকে একটি অভিনন্দন পত্র উল্লেখ রয়েছে। এতে ইসলামি কিছু কর্তাবার্তা লেখা রয়েছে। খবর পেয়ে সেখানে গিয়ে সিসিটিভি ফুটেজটি দেখে পরিচালনা কমিটির সভাপতি, মুক্তিযোদ্ধা কমান্ডার আবদুস ছাত্তার থানার ওসিকে বিষয়টি অবহিত করেন। এ বিষয়ে কলেজের অধ্যক্ষ মহির উদ্দিন তালুকদার জানান, বিষয়টি তারা খতিয়ে দেখছেন।'